প্রথম আলো

তারিখ: 31 MAR 2016
পৃষ্ঠা: ১৭ কলাম: ৫

### চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের সম্মেলনে

# ‘ছাত্ররাজনীতির নামে একটি প্রাণ গেল’

**নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম ●**

প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়ের ছাত্র খুনের ঘটনার এক দিন পর সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ছাত্ররাজনীতির নামে, ছাত্রলীগের নামে একটি প্রাণ চলে গেল। ‘চট্টগ্রামের বর্তমান ও সাবেক মেয়রকে এর ‘দায়িত্ব’ নিতে হবে। এই অবস্থার অবসান ঘটাতে হবে। তা না হলে সব অর্জন ম্লান হয়ে যাবে।

গতকাল বুধবার চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের (সিইউজে) দ্বিবার্ষিক সম্মেলন ও গুণীজন সংবর্ধনায় প্রধান অতিথি ছিলেন ওবায়দুল কাদের। চট্টগ্রাম প্রেসক্লাবের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত এই সম্মেলনের উদ্বোধক ছিলেন প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা ইকবাল সোবহান চৌধুরী। সভাপতিত্ব করেন সিইউজের সভাপতি এজাজ ইউসুফী।

প্রিমিয়ার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্র খুনের বিষয়ে মন্ত্রী বলেন, ‘আমরা কঠোর অবস্থানে আছি। এই ঘটনার সঙ্গে যারা জড়িত, বিচার তাদের হবেই। শাস্তি তাদের পেতেই হবে। আমি এখানে যে তথ্যগুলো পেয়েছি, সেগুলো প্রধানমন্ত্রীকে জানাব।’

চট্টগ্রামের বর্তমান মেয়র আ জ ম নাছির উদ্দীন নগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক। আর সাবেক মেয়র এ বি এম মহিউদ্দিন চৌধুরী নগর আওয়ামী লীগের বর্তমান সভাপতি। গত মঙ্গলবার খুন হওয়া প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়ের ছাত্র নাসিম আহমেদ ওরফে সোহেল চট্টগ্রাম নগর ছাত্রলীগের সদস্য।